FEB. 20 2001

তারিখ ... পৃষ্ঠা ৬ ... কলাম ৪

দৈনিক ইত্তেফাক

# শরীর চর্চা শিক্ষক নিয়োগে দ্বিতীয় বিভাগের বাধ্যবাধকতা শিথিল করার দাবী

**রাজশাহী অফিস** ঃ বিপিএড আন্দোলন কমিটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শরীর চর্চা শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগের বাধ্য বাধকতা শিথিল করার দাবী জানিয়েছে। গতকাল সকালে রাজশাহী শরীর চর্চা প্রশিক্ষণ কলেজে আন্দোলন কমিটির এক সভায় এ দাবী জানানো হয়। সভায় বলা হয়, সরকার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছে।